



# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ “অথরিটি ভবন”

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নং- +৮৮০-২-৮১৮১৩৩৭, ফ্যাক্স - +৮৮০-২-৮১৮১০১৫, ই-মেইল: [baera2013@yahoo.com](mailto:baera2013@yahoo.com)

তারিখঃ ০২-০৮-২০১৫ইং



২৭-৩১ জুলাই, ২০১৫ইং তারিখ পর্যন্ত World Sealed Source Inventory (WSSI) সংক্রান্ত BAERA ও IAEA যৌথভাবে একটি জাতীয় Workshop বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে আয়োজন করে।

উক্ত Workshop টি ২৭ শে জুলাই, ২০১৫ তারিখ বেলা ৩: ০০ ঘটিকায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান এবং সভাপতিত্ব করেন বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী। ওয়ার্কশপটির সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান ড. মো: মোফাজ্জল হায়দার। Workshop এ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিজ্ঞানী ও প্রকৌশলীসহ দেশের বিভিন্ন মেডিকেল, শিল্প, কৃষি, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রায় ৭০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আই, এ, ই, এ-এর বিশেষজ্ঞ ড. মোহাম্মদ আল-মাগরাভি ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসাবে উপস্থিত ছিলেন।

দেশে মেডিকেল, শিল্প প্রতিষ্ঠান, কৃষি, গবেষণা ও শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে বিভিন্ন ধরনের Sealed Source ব্যবহৃত হয়ে থাকে। Sealed Source সমূহের ব্যবহার, নিরাপত্তা ইত্যাদি বিষয়ের উপর এই Workshop এ পর্যালোচনা করা হয় এবং এ বিষয়ে ৩টি Technical Visit ও Theoretical Class এর মাধ্যমে Participant দের বাস্তব জ্ঞান প্রদান করা হয়। পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, ডেল্টা মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল এবং আকিজ ফুড এন্ড ব্রেভারিজ- এ Technical Visit ৩টি সম্পন্ন হয়েছে। Workshop এ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিশেষজ্ঞগণ লেকচার প্রদান করেন যার মাধ্যমে জনসাধারণ ও পরিবেশের বিকিরণ নিরাপত্তা আরও শক্তিশালী হবে। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের বিজ্ঞানী/প্রকৌশলীগণ অবিরতভাবে দেশের প্রত্যেক বিকিরণ স্থাপনাসমূহে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে প্রয়োজনীয় বিকিরণ সুরক্ষা সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ করেন। পরবর্তীতে প্রয়োজনীয় সুপারিশমালা প্রদান করে প্রতিষ্ঠানগুলোতে প্রেরণের মাধ্যমে বিকিরণ নিরাপত্তা কার্যক্রম গতিশীল রাখছেন। Workshop টি বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সংশ্লিষ্ট বিজ্ঞানী ও প্রকৌশলীদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে এবং অন্যান্য শিল্প, স্বাস্থ্য, শিক্ষা, চিকিৎসা ও কৃষি ক্ষেত্র থেকে আগত অংশগ্রহণকারীদেরও বিকিরণ উৎস ব্যবহারে পেশাগত দক্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।